দৈনিক সংবাদ

তারিখ ... 17 OCT 1992 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

## ডিপ্লোমা কৃষিবিদদের আকুল আবেদন

কৃষি প্রধান বাংলাদেশের অর্থনীতি কৃষির ওপর নির্ভরশীল। কৃষি সম্প্রসারণ বিভাগ একটি গুরুত্বপূর্ণ বিভাগ। কৃষি সম্প্রসারণ বিভাগে মাঠ পর্যায়ে কর্মরত আছেন প্রায় ১২ হাজার ৬শ' ৫০ জন ব্লক সুপারভাইজার। উল্লেখিত বি,এসদের প্রায় ৯ হাজার বি, এস ২ বছরের কৃষি বিষয়ক প্রশিক্ষণপ্রাপ্ত ও বাকি ১ বৎসর ও স্বল্পকালীন প্রশিক্ষণপ্রাপ্ত। বর্তমান বিশ্বে ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য চাহিদা মিটাতে কৃষিতে অনেক বৈপ্লবিক পরিবর্তন এসেছে। উচ্চ ফলনশীল জাতের আবাদ আরম্ভ হওয়ার পর হতেই কৃষিতে জটিলতা বাড়তে থাকে, ফলে অধিক কারিগরি জ্ঞান ও দক্ষতাসম্পন্ন কৃষি কর্মীর প্রয়োজনীয়তা অনুভব হতে শুরু করে। ১৯৭০ সালের পর স্বাভাবিক নিয়মেই সকল শ্রেণীর মানুষের মধ্যে দেশ গড়ার চেতনাশক্তি বাড়তে থাকে। তাই কৃষি সম্প্রসারণ বিভাগের মাঠ কর্মীদের জ্ঞান ও দক্ষতার অভাব আরও বেশি অনুভূত হয়। এবং তা কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে, ফলে কর্তৃপক্ষ বিষয়টির গুরুত্ব যাচাই করে সম্ভাব্য কম সময়ের মধ্যে ৩ বছরের পূর্ণাঙ্গ কৃষি ডিপ্লোমা কোর্স চালু করা প্রয়োজনীয়তা অনুভব করেন। পরবর্তীতে ১৯৭৮ সালে কৃষি ডিপ্লোমা কোর্স চালু করার সংক্রান্ত পরীক্ষা-নিরিক্ষা করে একটি খসড়া প্রস্তাব সংসদে পেশ করা হয়-যা মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহমান সাহেব নীতিগতভাবে বিষয়টির গুরুত্ব অনুধাবণ করেন ও তার জন্য প্রয়োজনীয় নির্দেশনামা জারির ব্যবস্থা করেন। পরে তা ১৯৮৯ সালে প্রাতিষ্ঠানিক রূপ লাভ করে। বর্তমানে ১১টি কৃষি প্রশিক্ষায়তনের মধ্যে ৪টিতে পূর্ণাঙ্গ কৃষি ডিপ্লোমা কোর্স চালু আছে। বর্তমানে কর্তৃপক্ষ মাঠে কর্মরত বি,এসদের মান উন্নয়নের জন্য দূর প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার ব্যবস্থা নেয়ায় আমরা কর্তৃপক্ষকে ধন্যবাদ জানাই। দূর প্রশিক্ষণের ফলে মাঠে কোন শূন্যতার সৃষ্টি হবে না ও অল্প সময়ে এবং অল্প খরচে অনেককে এক সাথে প্রশিক্ষণ দেয়া সম্ভব হচ্ছে। তা ছাড়া সম্প্রসারণ কর্মীর লব্ধ জ্ঞান সরাসরি মাঠে কৃষকদের কা লাগবে। এই সকল সুবিধার কথা সুবিবেচনা করে গত ২২-৭-৯২ মহা-পরিচালক, কৃষি সম্প্রঃ অধিদপ্তর, চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, যুগ্ম সচিব, কৃষি সম্প্রঃ বিভাগ, কৃষি মন্ত্রণালয়, পরিচালক, প্রশিক্ষণ বিভাগ, উপ-পরিচালক, কৃষি সম্প্রঃ কৃষি মন্ত্রণালয়, উপ-পরিচালক, কৃষি সম্প্রঃ (প্রশিক্ষণ) সহকারী সচিব, কৃষি মন্ত্রণালয়-এর এক সভা মাননীয় কৃষিমন্ত্রী নির্দেশে অনুষ্ঠিত হয়। সভায় কারিগরি বোর্ডের চেয়ারম্যান জানান, ইতোপূর্বে বিশ্ববিদ্যালয়, কারিগরি বোর্ড, সংশ্লিষ্ট কৃষি বিজ্ঞানী ও কৃষি সম্প্রসারণ বিভাগের বিশেষজ্ঞদের নিয়ে গঠিত শিক্ষা কারিকুলাম কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে ২ বছর/১ বছর মেয়াদী কৃষি প্রশিক্ষণপ্রাপ্ত মাঠ কর্মীদের বা বি, এসদের জন্য ইতোমধ্যেই ভিন্ন ভিন্ন বারে ১ বছর ৩ মাস এবং ২ বছর ৬ মাস-এর পাঠ্যক্রম তৈরি ও বোর্ড কর্তৃক অনুমোদিত হয়েছে, এর প্রেক্ষিতে ২ বছর মেয়াদী বি, এসদের মধ্য হতে ৩ হাজার বি/এসদের দূর প্রশিক্ষণের জন্য ৬-৮-৯২ পরিচালক, প্রশিক্ষণ বিভাগ, কৃষি সম্প্রঃ অধিদপ্তর, খামার বাড়ী, ঢাকা হতে প্রত্যেক জেলার উপ-পরিচালকদের নিকট বোর্ড কর্তৃক দেয় নিবন্ধন ফরম ও নির্দেশনামা প্রেরণ করা হয়েছে, তা সকল জেলা হতেই পূরণ করে প্রেরণ করা হয়েছে প্রতিটি কৃষি প্রশিক্ষায়তনের অধ্যক্ষের দপ্তরে। বর্তমানে উক্ত প্রশিক্ষণ কোর্স নিয়ে যে জটিলতার সৃষ্টি হয়েছে অ আমাদের জন্য অত্যন্ত দুঃখজনক। উক্ত প্রশিক্ষণের জটিলতা নিরসনকরত যাতে প্রশিক্ষণ কার্য অনতি-বিলম্বে চালু করা সম্ভব হয় এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আমরা যথাযথ কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন করছি।

মোঃ শহিদুল্লাহ আফরাদ, যুগ্ম-সচিব
বাংলাদেশ ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ,
নরসিংদী জেলা শাখা, নরসিংদী।